

রাজধানীর বাইরে জেলা শহরেও বেসরকারী বিশ্ববিদ্যালয় স্থাপনে এগিয়ে আসুন শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার : শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক ঢাকার বাইরে জেলা শহরগুলোতেও বেসরকারী বিশ্ববিদ্যালয় স্থাপনে সংশ্লিষ্টদের এগিয়ে আসার আহ্বান জানিয়ে বলেছেন, রাজধানী ঢাকা বর্তমানে বিশ্ববিদ্যালয়ের নগরীতে পরিণত হয়েছে। ঢাকার বাইরে বেসরকারী বিশ্ববিদ্যালয় স্থাপনের ক্ষেত্রে সরকার ব্যাপক ছাড় দেবে উল্লেখ করে তিনি বলেন, বিএনপি সরকারই হচ্ছে এদেশে বেসরকারী বিশ্ববিদ্যালয়ের পথিকৃৎ। বিগত এক বছরেই বর্তমান সরকার ১৮টি বেসরকারী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার অনুমোদন দিয়েছে। তিনি বলেন, বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে সরকার কোন নিয়ন্ত্রণ আরোপ করতে চায় না। কারণ, বাজার চাহিদার ভিত্তিতে এসব শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠবে এবং চাহিদার ওপরই তা টিকে থাকবে। তবে বেসরকারী বিশ্ববিদ্যালয়ের মান যাচাই, তদারকি ও স্বার্থকিংয়ের জন্য সরকার একটি পৃথক এ্যাক্রিডিটেশন কাউন্সিল গঠন করবে বলে তিনি মন্তব্য করেন। কেননা ঢাকায় ব্যাঙের ছাতার মত বেসরকারী বিশ্ববিদ্যালয় গড়ে ওঠায় এবং এদের অনেকেই নানা অনিয়ম ও প্রতারণার আশ্রয় নেয়। এসব বিশ্ববিদ্যালয়ের মান নিয়ে ইতিমধ্যেই প্রশ্ন উঠেছে। বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলো আন্তর্জাতিক মানসম্পন্ন শিক্ষা দিয়ে এদেশের ছাত্রছাত্রী অভিভাবকদের আস্থা অর্জন করতে সক্ষম হলে বাংলাদেশ প্রতিবছর শত শত কোটি টাকার বৈদেশিক মুদ্রার অপচয় থেকে রক্ষা পাবে বলে তিনি উল্লেখ করেন। শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক গতকাল (শনিবার) ঢাকার শেরাটন হোটেলে নবগঠিত সিটি ইউনিভার্সিটি আয়োজিত 'উচ্চশিক্ষা : বাংলাদেশ প্রেক্ষিত' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

সিটি ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা সাবেক তথ্যমন্ত্রী ডঃ মিজানুর রহমান শেলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেমিনারে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী আমানউল্লাহ আমান এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন যৌথভাবে সিটি ইউনিভার্সিটির ভিসি প্রফেসর ডঃ এম শামসুল হক ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (কিআইডিএস) রিসার্চ ফেলো ডঃ মাহমুদুল আলম। আলোচনায় অংশ নেন সিটি ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা ও গভর্নিং বডির চেয়ারম্যান বিশিষ্ট ব্যবসায়ী আলহাজ্ব আনোয়ার হোসেন, নর্থ-সাউথ ইউনিভার্সিটির প্রো-ভিসি ডঃ হাফিজ জি.এ. সিদ্দিকী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর বিশিষ্ট অর্থনীতিবিদ ডঃ আবু আহমদ, মানারত ইউনিভার্সিটির ডঃ ফরিদ আহমদ, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের প্রফেসর আবদুর রব, ডিকার্লিন্সা নুন বিশ্ববিদ্যালয়ের প্রফেসর রহিম বকর তালুকদার প্রমুখ। সেমিনারে শিক্ষামন্ত্রী সিটি ইউনিভার্সিটির নামফলক উন্মোচন করে আনুষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয়টির উদ্বোধন করেন।

প্রধান অতিথির বক্তৃতায় শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান ফারুক বাংলাদেশের বর্তমান প্রেক্ষিতে বেসরকারী বিশ্ববিদ্যালয়ের বিপুল সম্ভাবনা রয়েছে উল্লেখ করে বলেন, এই বিশ্ববিদ্যালয়গুলো শিক্ষার মান বজায় রেখে এবং মধ্যবিত্ত শ্রেণীর সহনীয় মাত্রায় টিউশন ফী ধার্য করে কর্মকাণ্ড পরিচালনা করলে আগামী ১০ বছরে এদেশের শতকরা ৬০ থেকে ৭০ ভাগ উচ্চ শিক্ষার্থী বেসরকারী বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করবে।